গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.২৬.০০২.১৫.৫৪৮

তারিখ ঃ ০৭-০২-১৪২৫ বঙ্গাব্দ / ২১-০৫-২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ এপ্রিল/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

৩০-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এপ্রিল/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী এসংগে প্রেরণ করা হলো। কার্যবিবরণীতে কোন সংযোজন/বিয়োজন থাকলে কার্যবিবরণী পাওয়ার ৩ কর্মদিবসের মধ্যে লিখিতভাবে জানাতে অনুরোধ করা হলো।

০২। সমন্বয় সভায় গৃহীত তাঁর অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/শাখার সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং অনিস্পন্ন বিষয়সমূহের তালিকা পরবর্তী সমন্বয় সভায় আলোচনার নিমিত্ত আগামী ২৪-০৫-২০১৮ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(হোসনা আফিরোজা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫০৫

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, বিকেএসপি, ঢাকা।
৪। যুগ্মসচিব(সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৫। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৬। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৭। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৮। জেলা প্রশাসক, রাঙ্গামাটি।
৯। উপসচিব (সকল), উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান..., সহকারী প্রধান/ সহকারী সচিব.... , যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাঙ্গামাটি।
১৬। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাঙ্গামাটি।
১৭। জেলা ক্রীড়া অফিসার, রাঙ্গামাটি।
১৮। প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা(ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)
১৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এপ্রিল/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: আসাদুল ইসলাম
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
তারিখ : ৩০ এপ্রিল/২০১৮
সময় : বেলা ১১:০০ টা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর বিষয়ভিত্তিক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (১) গত ২৭-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ। | গত ২৭-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন আছে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| (২) জেলা প্রশাসক রাঙ্গামাটি এর সাথে যুব প্রশিক্ষণ, ন্যাশনাল সার্ভিস ও ক্রীড়া কার্যক্রম বিষয়ে ভিডিও কনফারেন্স। | সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জনাব মো: ফাইজুল কবীর ভিডিও কনফারেন্স সঞ্চালন করেন। সভাপতি ভিডিও কনফারেন্সে যোগদানরত সকলকে শুভেচ্ছা জানান। তিনি জেলা প্রশাসক রাঙ্গামাটিকে উদ্দেশ্য করে যুব প্রশিক্ষণ, ন্যাশনাল সার্ভিস, শেখ রাসেল মিনি স্টেডিয়াম ও খেলাধুলা কার্যক্রম বিষয়ে অবগত করার জন্য অনুরোধ করেন। এ পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসক সরাসরি কথা বলার সুযোগ দেওয়ার জন্য সভাপতিকে ধন্যবাদ জানান। জেলা প্রশাসক জানান তিনি ৬/৩/২০১৮ তারিখে জেলা প্রশাসক হিসেবে রাঙ্গামাটি জেলায় যোগদান করেছেন। তিনি আরো জানান তার জেলার যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম পার্বত্য জেলা পরিষদে ন্যস্ত হওয়ায় যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাদের সাথে জেলা প্রশাসকের কার্যালয়ের দূরত্ব রয়েছে। তবে তিনি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় থেকে সভার নোটিশ পাওয়ার পর উপপরিচালকের সাথে যোগাযোগ করে সকল বিষয়ে অবগত হয়েছেন। তার জেলার ১০ টি উপজেলার মধ্যে ০১ টি উপজেলা-বিলাইছড়ি-তে ন্যাশনাল সার্ভিস কার্যক্রম চলমান রয়েছে। পার্বত্য জেলা হওয়ায় শিক্ষাগত যোগ্যতা শিথিল করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের রাঙ্গামাটি জেলা কার্যালয়ে লোকবলের স্বল্পতা রয়েছে। প্রশিক্ষকের পদ শূন্য থাকায় প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হচ্ছে। তৃতীয় ও চতুর্থ শ্রেণির জনবল নিয়োগের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের ছাড়পত্র সাপেক্ষে পার্বত্য জেলা পরিষদ ক্ষমতাবান। জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সভাপতি যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক-কে দ্রুত ছাড়পত্র প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। অত:পর ন্যাশনাল সার্ভিসের ক্ষেত্রে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ যেমন: মৎস্য চাষ, গবাদি পশু ও হাঁস মুরগি পালন, আর্থিক ব্যবস্থাপনা, অগ্নি নিরাপত্তা ইত্যাদি বিষয়ে উপজেলা/জেলা পর্যায়ের কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তা/অভিজ্ঞ ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষণ প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। তিনি প্রশিক্ষিত যুবদের ডাটাবেজ তৈরির জন্য নির্দেশনা প্রদান করেন। সভাপতি ঋণ আদায় ও প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করার জন্য জেলা প্রশাসকের হস্তক্ষেপ কামনা করেন।<br>অত:পর সভাপতি উপপরিচালকের নিকট তাঁর জেলায় কম্পিউটার ল্যাব স্থাপন হয়েছে কিনা, প্রশিক্ষণ ভাতা ৪০ টাকা হতে ১০০ টাকায় উন্নীতকরণ বাস্তবায়ন হয়েছে কিনা তা জানতে চান। জবাবে উপপরিচালক জানান প্রশিক্ষণ ভাতা দৈনিক ১০০ টাকা করে প্রদান করা হচ্ছে এবংকম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। ন্যাশনাল সার্ভিসের আওতায় ৬৯ জন প্রশিক্ষণ শেষে সংযুক্তিতে রয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, বিভিন্ন ক্যাটাগরিতে ৩৩ টি পদ শূন্য থাকায় প্রশিক্ষণ ও ঋণ আদায় কার্যক্রম ব্যাহত হচ্ছে। যুগ্মসচিব জনাব মো: আজিজুল হক উপপরিচালকের দৃষ্টি আকর্ষণ করে বার্ষিক কর্ম পরিকল্পনা অনুযায়ী খেলাপী ঋণ আদায়ে তৎপর হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন।<br>জেলা ক্রীড়া অফিসার ভিডিও কনফারেন্সে যোগ দিয়ে সভাকে অবগত করেন যে, তার জেলার ক্রীড়া কার্যক্রম ভালোভাবে চলছে। উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম মাননীয় প্রধানমন্ত্রীর একটি অগ্রাধিকার প্রকল্প বিধায় এর গুণগতমান নিশ্চিত করার জন্য সভাপতি জেলা প্রশাসক ও জেলা ক্রীড়া অফিসারের সক্রিয় তদারকি কামনা করেন। | | |

| | | | |
|---|---|---|---|
| (৩) জাতীয় যুব নীতি , ২০১৭ বাস্তবায়ন | জাতীয় যুবনীতি, ২০১৭ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত TAP এর প্রকল্প পরিচালক-কে ২০১৮-১৯ অর্থ বছরের শুরুতেই পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। | TAP বাস্তবায়নের জন্য ২০১৮-১৯ অর্থ বছরের শুরুতে UNFPA এর সাথে যোগাযোগ করে ক্রয় পরিকল্পনা করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর ও যুব-১ শাখা |
| (৪) পদসৃষ্টি/ আপগ্রেডেশন ও পদ স্থায়ীকরণ। | (১) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদের মধ্যে পরিচালক এবং মেডিকেল অফিসার পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২২-০৪-২০১৮ তারিখে পুনরায় পত্র প্রদান করা হয়েছে। তবে এ ব্যাপারে কোন অগ্রগতি নেই। | (১) জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগে যোগাযোগ রাখতে হবে। | |
| | (২) ৫টি প্রকল্প ১ জুলাই ১৯৯৭ এর পরে শুরু হয়েছে বিধায় প্রকল্পের ১৪৭৪ জন জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরে জটিলতা রয়েছে। প্রকল্পসমূহের জনবল রাজস্বখাতে স্থানান্তর না করলে যুব প্রশিক্ষণ কার্যক্রমের উপর কি ধরণের নেতিবাচক প্রভাব পড়বে এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত মোট যুব প্রশিক্ষণের শতকরা কত ভাগ সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল দ্বারা পরিচালিত হয় তা উল্লেখপূর্বক সার-সংক্ষেপ তৈরী করা হয়েছে। উপস্থাপনায় রয়েছে। | (২)দ্রুত সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরণ করতে হবে। | যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ শাখা |
| | **(খ) জাতীয় ক্রীড়া পরিষদ:** | | |
| | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে আইন ও সংসদ বিষয়ক বিভাগ হতে মতামত পাওয়া গিয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্যাদি প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। এ বিষয়ে তথ্য জানানোর জন্য জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধি অনুপস্থিত। সভা শুরুর ০১ ঘন্টা পর জাতীয় ক্রীড়া পরিষদের প্রতিনিধি উপস্থিত হন। | জাতীয় ক্রীড়া পরিষদের সচিব/পরিচালক সমন্বয় সভায় উপস্থিত থাকতে হবে। | জাতীয় ক্রীড়া পরিষদ ও ক্রীড়া-১ শাখা |
| | **(গ) বিকেএসপিঃ বিকেএসপির জন্য রাজস্বখাতে পদ সৃজন প্রসঙ্গে-** বিকেএসপির বিভিন্ন ক্যাটাগরির ৭৩৮টি পদ সৃজনের লক্ষ্যে প্রস্তাব পাওয়া গিয়েছে। প্রস্তাবটি যাচাই বাছাই এর কার্যক্রম চলছে। বিকেএসপির মহাপরিচালকের পদ ৩য় গ্রেড ও পরিচালকের পদ ৪র্থ গ্রেডের হওয়ায় আঞ্চলিক কার্যালয় প্রধানের পদ ৫ম গ্রেড হওয়া বাঞ্চনীয় মর্মে সভায় আলোচনা হয়। তাছাড়া বিকেএসপির চট্টগ্রাম কেন্দ্রটি কক্সবাজারের রামু উপজেলায় মাত্র ৪ একর জমির উপর প্রতিষ্ঠিত । বাকি আঞ্চলিক কেন্দ্রগুলি ১৩ একর আয়তন বিশিষ্ট। সকল আঞ্চলিক কেন্দ্রে জনবল এক হওয়া যুক্তিযুক্ত নয়। সভাপতি এক্ষেত্রে পদ সৃষ্টির প্রস্তাবের যৌক্তিকতা পর্যালোচনার জন্য নির্দেশনা প্রদান করেন। | বিকেএসপির প্রস্তাবের যৌক্তিকতা পরীক্ষান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | বিকেএসপি / ক্রীড়া-২ শাখা |
| (৫) শূন্য পদ পূরণ বিষয়ক অগ্রগতি: | | | |
| | **ক্রীড়া পরিদপ্তরঃ** (ক) **<u>শূন্য পদে জনবল নিয়োগ:</u>** জেলা ক্রীড়া অফিসার এর ২৮টি পদ এবং প্রভাষক এর ২৮টি পদ পূরণের লক্ষ্যে ২৮/০৯/২০১৭ তারিখে পিএসসি কর্তৃক লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। লিখিত পরীক্ষার উত্তরপত্র নিরীক্ষণের কার্যক্রম শেষ হয়েছে। লিখিত পরীক্ষার ফলাফল এক সপ্তাহের মধ্যে প্রকাশ করা হবে মর্মে পরিচালক, ক্রীড়া পরিদপ্তর জানান। ক্রীড়া পরিদপ্তরের শারীরিক শিক্ষা কলেজের ১৮টি প্রভাষকের পদ সৃজনের বিষয়ে ২৪/০৪/২০১ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী এখনও পাওয়া যায়নি।<br><br>(খ) <u>নিয়োগ বিধি সংশোধন প্রস্তাবঃ</u> ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ সংশোধনী প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রেরণের জন্য নথি উপস্থাপনায় রয়েছে। | (ক) পিএসসির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ)জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ অনুযায়ী সংশোধিত নিয়োগবিধি প্রেরণ করতে হবে। | ক্রীড়া পরিদপ্তর/ ক্রীড়া-২ অধিশাখা |

| (৬) গুরুত্বপূর্ণ পেন্ডিং বিষয়: | | | |
|---|---|---|---|
| (ক) বিভাগীয় মামলা | যুব উন্নয়ন অধিদপ্তর: মার্চ-২০১৮ মাসে ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ২৯টি মামলা চলমান রয়েছে। মামলা সংশ্লিষ্ট কাগজপত্র সত্যায়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | দ্রুত মামলা নিষ্পত্তি করতে হবে এবং মামলা সংশ্লিষ্ট কাগজপত্র সত্যায়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| (খ) অনিষ্পন্ন পেনশন কেস: | | | |
| | মন্ত্রণালয়: (১) জনাব মো: আবুল কাশেম ভূঁইয়া, ব্যক্তিগত কর্মকর্তার ১০-০৬-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে এবং জনাব মো: কমর উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তার ২২-০১-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে। তাদের দখলকৃত বাসা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করায় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের না-দাবী নামা না পাওয়ায় অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের মাধ্যমে পেনশন কেইস নিষ্পত্তি করা যাচ্ছে না। বিষয়টি নিষ্পত্তি করার জন্য গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। গত ২০/০২/২০১৮ তারিখে বিষয়টি টেলিফোনে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানকে জানানো হয়েছিল।<br>গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | (১) জাতীয় গৃহায়ন কর্তপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রশাসন-১ শাখা |
| | বিকেএসপিঃ বিকেএসপিতে পেনশন প্রথা চালুকরণের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের নিমিত্ত বিকেএসপি হতে ২৮-০২-১৮ তারিখে প্রস্তাব পাওয়া গেছে। যে সকল স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীরদের সরকারিভাবে পেনশন প্রদান করা হয় সেগুলির উদাহরণ দিয়ে সম্পূর্ণ সরকারী অর্থে পেনশন প্রথা চালুর জন্য প্রস্তাব প্রস্তুত করতে হবে। বিকেএসপি একটি শিক্ষা প্রতিষ্ঠান। ছাত্র ভর্তি ফি/বেতন ছাড়া অন্য কোন আয় নেই। এসব তথ্য উল্লেখপূর্বক অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য বিকেএসপিকে ৬/৩/১৮ তারিখে পত্র দেয়া হয়েছে। এখনো স্বয়ংসর্ম্পূণ প্রস্তাব পাওয়া যায়নি। | বিকেএসপি হতে প্রাপ্ত প্রস্তাব যাচাইপূর্বক দ্রুত অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। | ক্রীড়া-২ শাখা, বিকেএসপি ও অতিরিক্ত সচিবের দপ্তর |

| (৭) সমীক্ষা/ অডিট আপত্তি | | | (অংকসমূহ হাজার টাকায়) | | | | | | | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | পূর্ববর্তী মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নতুন আপত্তির সংখ্যা | জড়িত টাকা | নিষ্পত্তি কৃত আপত্তির সংখ্যা | ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির জের | জড়িত টাকা | সমাপ্ত উন্নয়ন প্রকল্পের অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আগামী ০১ সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করতে হবে এবং যুব উন্নয়ন অধিদপ্তরের চলমান ঋণ কার্যক্রমের খেলাপী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। |
| | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় : | মন্ত্রণালয় | ২৭ | ৬২০০ | - | - | - | ২৯টি | ৫০৩৭১৪ | |
| | | সমাপ্ত উন্নয়ন | ২ | ৪৯৭৫১৪ | | | | | | |
| | যুব উন্নয়ন অধিদপ্তর : | অগ্রিম অনুচ্ছেদ-৭টি | ৮০ | ১৬,২১,৩২ | - | - | - | ৮০ | ১৬,২১,৩২ | |
| | | সাধারণ-৭৩টি | | | | | | | | |
| | ক্রীড়া পরিদপ্তর: | | ২৫ | ৫১১০০ | - | - | ৩ | ২২ | ৪৮৯৯৭ | |
| | বিকেএসপি : | অগ্রিম-১৩টি | ৩২ | ১৩৯৫০ | - | - | - | ৩২ | ১৩৯৫০ | |
| | | সাধারণ-২১টি | | | | | | | | |
| | জাতীয় ক্রীড়া পরিষদ: | | ৫২৪ | ৩,৯২,৪৯ | - | - | - | ৫২৪ | ৩,৯২,৪৯ | |
| | | মোট= | ৬৯০ | ৭৭০১৪৫ | - | - | - | ৬৮৭ | ৭৬৮০৪২ | যুব উন্নয়ন অধিদপ্তর /বাজেট শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। |

<u>চলমান কার্যক্রমের পর্যালোচনা (সংস্থাভিত্তিক) :</u>

| | | | |
|---|---|---|---|
| (৮)ন্যাশনাল সার্ভিস কর্মসূচি | ২০১৭-২০১৮ অর্থ বছরে ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর ৫ম পর্বের ২৪টি উপজেলায় ১৪৮৬২ জন উপকারভোগীদের ৩ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে এবং প্রশিক্ষণ শেষে ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থানে সংযুক্তি প্রদান করা হয়েছে। এছাড়া ১০৭৬৭ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। ৬ষ্ঠ পর্বের ২০টি **উপজেলায় ১৬৯১২ জনের এবং ৭ম পর্বের ২০টি উপজেলায় ১২৬০০ জনের ১ম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি ন্যাশনাল সার্ভিস কর্মসূচির প্রশিক্ষণে কোন খাতে কত ব্যয় হয়েছে তার বিস্তারিত ব্যয় বিভাজন এবং ন্যাশনাল সার্ভিসের সুবিধাভোগীদের তথ্য ব্যবস্থাপনা প্রণয়নের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর অডিট হয়েছে কিনা তা জানতে চান। যদি অডিট না হয়ে থাকে তবে দুত অডিট করার জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করার নির্দেশনা প্রদান করেন।** | ন্যাশনাল সার্ভিসের অডিট করতে হবে। | **যুব উন্নয়ন অধিদপ্তর/ যুব-২ অধিশাখা** |
| (৯) **বঙ্গবন্ধু** ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন: | (ক) <u>২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান বিতরণ:</u> বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান প্রদানের জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। মোট ১৫৬৬ টি আবেদন পাওয়া গিয়েছে। প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই চলছে। যাচাই-বাছাই কমিটির ০১ টি সভা হয়েছে। আর একটি সভা হওয়ার পর চূড়ান্ত করা যাবে।<br><br>(খ) <u>বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর নীতিমালা সংশোধন:</u> খসড়া নীতিমালা নিয়ে গত ২২-০১-২০১৮ তারিখে সভা হয়েছে। প্রতিবেদন দাখিলের অপেক্ষায় আছে। ফাউন্ডেশনের কার্যক্রম বৃদ্ধিকল্পে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী নীতিমালা হালনাগাদকরণের কাজ চলমান রয়েছে।<br><br>(গ) <u>প্রবিধান ও অর্গানোগ্রাম প্রণয়ণ:</u> ০৭-০৩-২০১৮ তারিখে সাংগঠনিক কাঠামো প্রণয়নের বিষয়ে সভা হয়েছে। আগামী বোর্ড সভায় সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। | (ক) ক্রীড়াসেবীদের অনলাইনে অনুদান প্রদান যথাসময়ে সম্পাদন করতে হবে।<br><br>(খ) দুত প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>(গ) সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত প্রবিধান ও সাংগঠনিক কাঠামো প্রণয়ণ করতে হবে। | **বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন** |

বিবিধঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) তথ্য অধিকার আইন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | তথ্য অধিকার আইন মোতাবেক বিবেচ্য সময়ে কোন আবেদন পাওয়া যায়নি।<br>কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করেনি। | কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করেছেন কিনা তা নিয়মিত তদারকি করতে হবে। | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (খ) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | (১) National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 অর্থবিল আকারে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ হতে সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর বরাবরে গত ১৬-০৪-২০১৮ তারিখে প্রেরণ করা হয়েছে।<br>(২) মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আইন, ২০১৭ সংশোধন করে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | (১) অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(২) দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ক্রীড়া-১/ জাতীয় ক্রীড়া পরিষদ<br>ক্রীড়া-২/ বিকেএসপি |
| | (৩) <u>ই-টেন্ডারিং</u> :- জাতীয় ক্রীড়া পরিষদের ৮টি প্যাকেজের মূল্যায়ন শেষে NOA (Notification of Award ) প্রদান করা হয়েছে। ১৩টি প্যাকেজের মূল্যায়ন শেষে NOA (Notification of Award ) প্রদানের প্রস্তুতি চলছে। | (৩) প্রতিমাসে e-GP বাস্তবায়নের বিষয়টি দপ্তর অনুযায়ী পরিসংখ্যানসহ উপস্থাপন করতে হবে। | |
| (গ) মন্ত্রণালয় এবং সকল দপ্তর /সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম ও ইউনিকোড ব্যবহার | সরকারী সেবা জনবান্ধব করার জন্য মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সকল সেবা ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ করার বিষয়ে আলোচনা হয়। জাতীয় ক্রীড়া পরিষদের সচিব সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদ হতে স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড়দের সম্মানি অনলাইনে প্রদানের লক্ষ্যে কাজ চলছে। চলতি অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের ৪টি সেবা সহজীকরণের জন্য উদ্যোগ নেয়া হয়েছে। মন্ত্রণালয়ের ওয়েবসাইটকে ইন্টারএ্যাকটিভ করার জন্য সভায় আলোচনা হয়। | মন্ত্রণালয় এবং সকল দপ্তরে ইনোভেশনের মাধ্যমে সেবা সহজ করতে হবে।মন্ত্রণালয়ের ওয়েবসাইটকে ইন্টারএ্যাকটিভ করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (ঘ) মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ। | গত মার্চ-২০১৮ মাসে ম্যানুয়াল/অনলাইনে কোন অভিযোগ পাওয়া যায়নি। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় প্রাপ্ত সকল অভিযোগ GRS এ এন্টি করতে হবে। | সমন্বয় শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ঙ) জাতীয় ই-সেবা সিস্টেম বাস্তবায়ন | বর্তমানে সকল দপ্তর/সংস্থায় ই-নথিতে কার্যক্রম হচ্ছে। ই-নথিতে দপ্তর/সংস্থা ও মন্ত্রণালয়ের বর্তমান অবস্থা অবনতিশীল।<br><br>সকল দপ্তর/সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কাজ করা হচ্ছে। | মন্ত্রণালয় ও অধীনস্থ সকল দপ্তর/সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করতে হবে । বিষয়টি মন্ত্রণালয় হতে মনিটরিং করতে হবে। মন্ত্রণালয়ের বর্তমান অবস্থানের আরো উন্নতি করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (চ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | দপ্তর/সংস্থা হতে আগামী ৭দিনের মধ্যে ২০১৮-১৯ অর্থ বছরের খসড়া APA প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br>জাতীয় ক্রীড়া পরিষদ হতে সময়মত প্রতিবেদন পাওয়া যায়না বিধায় জাতীয় ক্রীড়া পরিষদকে সময়মত প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | APA তে বর্ণিত লক্ষ্য অর্জন করতে হবে।<br><br>দপ্তর/সংস্থা হতে আগামী ৭দিনের মধ্যে ২০১৮-১৯ অর্থ বছরের খসড়া APA প্রেরণ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা/ বাজেট শাখা |
| (ছ) | মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সচিব যখন বিদেশ সফর করবেন তখন সে দেশে অবস্থিত বাংলাদেশ মিশনের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট দেশের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন এবং সভা হলে একটি প্রতিবেদন পেশের জন্য নির্দেশনা প্রদান করেন। বিদেশ ভ্রমণ বা অভ্যন্তরীণ প্রশিক্ষণ গ্রহণের পর সংশ্লিষ্ট কর্মকর্তা লব্ধ জ্ঞান সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে উপস্থাপন করবেন। | কর্মকর্তাগণ বিদেশ ভ্রমণ বা দেশে কোন প্রশিক্ষণ গ্রহণ করলে সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট, প্রেজেন্টেশনের মাধ্যমে তা উপস্থাপন করতে হবে। | মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা |
| (জ) | সভাপতি সভার নোটিশ এবং কার্যবিবরণী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটে এবং গ্রুপমেইলে প্রেরণ করার জন্য নির্দেশ দেন। | সভার নোটিশ, কার্যপত্র এবং কার্যবিবরণী গ্রুপ মেইল এবং ওয়েব সাইট নিয়মিত আপডেট করতে হবে। | |

পরিশেষে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি দপ্তর/সংস্থার প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে সকল প্রতিবেদন যথাযথ তথ্য সহকারে প্রেরণের পরামর্শ প্রদান করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী গঠনমূলক আলোচনা করায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২০/০৫/২০১৮
(মো: আসাদুল ইসলাম)
সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়